# সমাজকল্যাণ উপজেলা কমিটির অক্টোবর ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১৪/১০/২০২৫ খ্রি.
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতার টাকা প্রতারক চক্র কর্তৃক মোবাইল নম্বর হ্যাক সম্পর্কে সচেতন ও ঋণ আদায় গতিশীল কার্যক্রম সম্পর্কিত আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতার টাকা প্রতারক চক্র কর্তৃক মোবাইল নম্বর হ্যাক করে যাতে উত্তোলন করতে না পারে এ বিষয়ে প্রতারক চক্রের কার্যক্রম সম্পর্কে সকল ভাতাভোগীদের সচেতন করা হচ্ছে।

সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় আরো জানান যে, দীর্ঘমেয়াদী অনাদায়ী ঋণ আদায় কার্যক্রম গতিশীল করা হয়েছে। ফলশ্রুতিতে অনাদায়ী টাকা আদায় হচ্ছে।

সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভায় আরো জানান যে, রোগী কল্যাণ সমিতি'র কার্যক্রমের মাধ্যমে অসহায়-দুস্থ ব্যক্তিদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হাসপাতাল সমাজসেবা কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা হয়েছে। এছাড়াও তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১০/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
সমাজকল্যাণ উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : ৪১.০১.২৭৬০.০০০.১৬.০১৭.২৫- ৪৯২ তারিখ : ১৪/১০/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,..........নং..................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম.........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

১৪/১০/২৫
(মোঃ তমিজুল ইসলাম)
সদস্য সচিব
সমাজকল্যাণ উপজেলা কমিটি
ও
উপজেলা সমাজসেবা অফিসার
খানসামা, দিনাজপুর।

পরিশিষ্ট “ক”

তারিখ-১৪/১০/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | মোঃ রিয়াজুল ইসলাম, চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | মোঃ সাখাওয়াত হোসেন, চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব অঞ্জলী রানী সরকার, সমাজকর্মী, নিজেরা করি- | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব আকতারুল ইসলাম, বেসরকারি সংস্থার প্রতিনিধি, সিটিএস | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | মোঃ তমিজুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। | সদস্য-সচিব | |